



জনসংযোগ, তথ্য ও প্রকাশনা বিভাগ
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
ওয়েব সাইট: www.brur.ac.bd

Public Relations, Information & Publication
Division
Begum Rokeya University, Rangpur
Email: office.publicrelations@brur.ac.bd



স্মারক: বেরোবি/জতপ্রবি/২০২৪/এপ্রিল/১২০০

তারিখ: ২৭/০৪/২০২৪

বেরোবিতে উৎসবমুখর পরিবেশে 'এ' ইউনিটের গুচ্ছ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

চতুর্থবারের মতো দেশের ২৪টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ পদ্ধতিতে স্নাতক প্রথম বর্ষের 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা আজ ২৭ এপ্রিল, ২০২৪ তারিখ শনিবার অনুষ্ঠিত হয়। বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুরে আজ সুশৃঙ্খলভাবে শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

পরীক্ষায় মোট ১৬ হাজার ২৬২ জন পরীক্ষার্থী অংশগ্রহণের জন্য আবেদন করে। বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়সহ নগরীর সাতটি শিক্ষা প্রতিষ্ঠানে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এর মধ্যে 'এ' ইউনিটে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় কেন্দ্রে ৩ হাজার ২৬২, ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজে ৩ হাজার ৫০০, দি মিলিনিয়াম স্টারস স্কুল এন্ড কলেজে ১ হাজার ৫০০, সরকারি টিচার্স ট্রেনিং কলেজে ১ হাজার, রংপুর সরকারি কলেজে ১ হাজার ৫০০, পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজে ৩ হাজার ৫০০ এবং কালেক্টরেট স্কুল এন্ড কলেজ কেন্দ্রে ১ হাজার ৯৬৬ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। 'এ' ইউনিটে বিজ্ঞান বিভাগ থেকে (দুপুর ১২ টা হতে ১টা) পরীক্ষা অনুষ্ঠিত হয়। অপরদিকে আর্কিটেকচার ব্যবহারিক (ড্রয়িং) পরীক্ষায় (বিকেল ৩:৩০টা হতে ৪:৩০টা) ৩৯৯ জন শিক্ষার্থী অংশগ্রহণের জন্য আবেদন করেন।

পরীক্ষা চলাকালীন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ হাসিবুর রশীদ কেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনকালে উপাচার্য বলেন, ২৪টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা চতুর্থবারের মতো অনুষ্ঠিত হচ্ছে। গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণের ফলে শিক্ষার্থীদের সময় ও অর্থ সাশ্রয়ের পাশাপাশি দেশের বিভিন্ন প্রান্তে যাতায়াতের ভোগান্তি লাঘব হয়েছে। তিনি বলেন, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় গুচ্ছ পদ্ধতির পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণের জন্য সকল কার্যক্রম সম্পন্ন করেছে।

এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মজিব উদ্দিন আহমদ, বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ গাজী মাজহারুল আনোয়ার, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ মোরশেদ হোসেন, প্রক্টর মোঃ শরিফুল ইসলাম, ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক (চলতি দায়িত্ব) সৈয়দ আনোয়ারুল আজিম, বহিরাঙ্গন কার্যক্রম দপ্তরের পরিচালক (চলতি দায়িত্ব) সাক্বীর আহমেদ চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, জিএসটি সমন্বিত ভর্তি কমিটি সূত্রে জানা যায়, ২৪টি বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য এ বছর 'এ' ইউনিটে এক লাখ ৭০ হাজার ৫৯৯ জন, 'বি' ইউনিটে ৯৪ হাজার ৬৩১ জন এবং 'সি' ইউনিটে ৪০ হাজার ১১৬ জন আবেদন করেছেন। মোট ৩ লাখ ৫ হাজার ৩৪৬ জন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে। আগামী ৩ মে 'বি' ইউনিটে মানবিক ও ১০ মে 'সি' ইউনিটে বাণিজ্য বিভাগ থেকে আবেদনকৃত শিক্ষার্থীদের বেলা ১১টা-১২টা পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সংবাদ বিজ্ঞপ্তি।



জনসংযোগ, তথ্য ও প্রকাশনা বিভাগ
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
ওয়েব সাইট: www.brur.ac.bd

Public Relations, Information & Publication
Division
Begum Rokeya University, Rangpur
Email: office.publicrelations@brur.ac.bd



মোহাম্মদ আলী
উপ-পরিচালক (জনসংযোগ)
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর